গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
**জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ**
www.publiclibrary.sunamganj.gov.bd.com

# গ্রন্থাগারে পাঠকক্ষ ব্যবহার নির্দেশিকা

| | |
|---|---|
| ▶ | গ্রন্থাগারে প্রবেশের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত বজায় রাখুন ও অবশ্যই মাস্ক পরিধান করুন। |
| ▶ | গ্রন্থাগার ব্যবহারের পূর্বে হাত জীবানুমুক্ত করুন ও পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখুন। |
| ▶ | নীরবতা পালন লাইব্রেরি ব্যবহারের অন্যতম শর্ত। পাঠকক্ষে নীরবতা ও ভদ্রতা বজায় রাখুন। |
| ▶ | আপনার নিজস্ব বই, ব্যাগ ও অন্যান্য সামগ্রী নির্ধারিত কাউন্টারে জমা রাখুন। |
| ▶ | আপনার মূল্যবান সামগ্রী (নগদ অর্থ, মোবাইল, ল্যাপটপ, স্বর্ণালঙ্কার) ও অন্যান্য ব্যক্তিগত জিনিস নিজ দায়িত্বে রাখুন। |
| ▶ | পাঠকক্ষে নিজস্ব খাতা-কলম ছাড়া ব্যক্তিগত বই/গাইড বই/ব্যাগ/ছাতা নিয়ে প্রবেশ করা যাবে না। |
| ▶ | পাঠকক্ষে প্রবেশ করার সাথে সাথে আপনার নাম নির্ধারিত রেজিস্ট্রারে অন্তর্ভূক্ত করুন এবং গ্রন্থাগার সেবা নিন। |
| ▶ | নিজে বই পড়ুন এবং অন্যকে বই পড়তে সুযোগ দিন। নির্ধারিত সময়ের মধ্যে গ্রন্থাগার ব্যবহার করুন। |
| ▶ | পাঠকক্ষে পুস্তকের অবস্থান জানতে প্রয়োজনে গণগ্রন্থাগার কর্মীর সহায়তা নিন। |
| ▶ | এক সেলফের বই অন্য সেলফে রাখা যাবে না। পাঠসামগ্রী পাঠশেষে টেবিলেই রাখুন। |
| ▶ | পত্রিকা, ম্যাগাজিন বা অন্য যেকোনো পাঠসামগ্রীর পাতা ভাঁজ/কাটা/ছেঁড়া/নষ্ট না করা। ইহা শাস্তিযোগ্য অপরাধ। |
| ▶ | পাঠকক্ষের ভিতরে টেবিলে মাথা রেখে ঘুমানো ও চেয়ারে পা তুলে বসা নিষেধ। |
| ▶ | পাঠকক্ষের চেয়ার দখলে রেখে বাহিরে অবস্থান এবং কোনো চেয়ার ফোল্ডিং/আড়াআড়ি করে রাখা যাবে না। |
| ▶ | পাঠকক্ষের ভিতরে উচ্চস্বরে মোবাইল ফোনে/পরস্পরে আলোচনা/কথা বলা থেকে বিরত থাকুন। |
| ▶ | পাঠকক্ষের ভিতরে কোন ছাত্র-ছাত্রীকে প্রাইভেট পড়ানো/গ্রুপ স্টাডি করা যাবে না। |
| ▶ | অনুগ্রহ করে পাঠকক্ষে মোবাইল ফোন শব্দহীন অবস্থায় রাখুন। কথা বলার প্রয়োজন হলে পাঠকক্ষের বাহিরে গিয়ে কথা বলুন। |
| ▶ | গণগ্রন্থাগার সম্পদের কোনরুপ ক্ষতি/ধ্বংস করা থেকে বিরত থাকুন। সিসি ক্যামেরায় আপনার গতিবিধি মনিটরিং করা হচ্ছে। |
| ▶ | গণগ্রন্থাগার ধুমপানমুক্ত এলাকা। ধুমপান বর্জন করুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ। |
| ▶ | পাঠকক্ষের ভিতরে কাগজ/ময়লা না ফেলি। নির্ধারিত ঝুড়িতে ফেলুন। |
| ▶ | গ্রন্থাগার চত্বরে/ড্রেনে/জানালা দিয়ে সর্দি/কাশি/পানের পিক ফেলবেন না। |
| ▶ | পাঠকক্ষের ভিতরে খাদ্য গ্রহণ নিষেধ। কোন প্রকার খাদ্যদ্রব্য/পানীয় নিয়ে প্রবেশ করবেন না। |
| ▶ | রেফারেন্স ও গবেষণামূলক বই পেতে গণগ্রন্থাগার কর্মীর সহায়তা নিন। |
| ▶ | লাইব্রেরি চত্বরে উচ্চস্বরে আওয়াজ না করি। বই/পত্রিকা/ম্যাগাজিন পাঠের সময় শব্দ না করে পড়ুন। |
| ▶ | আপনার সুচিন্তিত ও গঠনমূলক মতামত/পরামর্শ/অভিযোগ লিখিতভাবে গ্রন্থাগারে সংরক্ষিত রেজিস্ট্রার/বক্সে জমা দিন। |
| ▶ | পাঠ্যসামগ্রীর নিরাপত্তা বিধানে পত্রিকা/বইয়ের পাতা কাটা এবং বই চোরদের ধরতে সহায়তা/তথ্য দিন। |
| ▶ | অনুগ্রহ করে গ্রন্থাগারের ওয়াশরুমে পানির অপচয় রোধ এবং পানির টেপ ভালোভাবে বন্ধ করুন। |
| ▶ | প্রয়োজনে সহায়তা দানের জন্য দায়িত্বরত গ্রন্থাগার কর্মীর সাথে যোগাযোগ করুন। |
| ▶ | পাঠ্যসামগ্রী তথা সরকারি সম্পদ রক্ষার্থে দায়িত্বরত কর্মচারীকে দেহ তল্লাশি করতে সহযোগিতা করুন। |
| ▶ | এই সরকারি প্রতিষ্ঠানটি জনগণের অমূল্য সম্পদ। কাজেই এই প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের দায়িত্ব আমাদের সবার। |

কর্তৃপক্ষ